শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
ভোকেশনাল শাখা
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৪০.১১.২৩৮.২১.৫৫২ তারিখ : ০৩/১০/২০২১ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন টেকনিক্যাল স্কুল ও কলেজ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট এবং সেন্টাল স্টোর কাম সার্ভিস ওয়ার্কসপে গ্রেড-১৩ হতে গ্রেড-২০ পর্যন্ত ১৩ ক্যাটাগরির ৩০৯টি রাজস্বখাতে শূন্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে উল্লিখিত পদের বিপরীতে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিয়লিখিত শর্তে অনলাইনে http://dtev.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদন আহ্বান করা যাচ্ছে :

ক্রম নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যেসব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১.	লাইব্রেরিয়ান বেতনক্রম : ১১০০০-২৬৫৯০/- গ্রেড : ১৩	৫০	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ লাইব্রেরি সায়েন্সে ডিপ্লোমা; (খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা।	সকল জেলা
২.	হিসাবরক্ষক বেতনক্রম : ১০২০০-২৪৬৮০/- গ্রেড : ১৪	২২	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণির ডিগ্রি; (খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা।	
৩	প্লাম্বার/পাম্প অপারেটর বেতনক্রম : ৯৭০০/- ২৩৪৯০/- গ্রেড : ১৫	১	(ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড সার্টিফিকেট; অথবা (খ) সংশ্লিষ্ট ট্রেডসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল); এবং (গ) ইলেকট্রিসিটি লাইসেন্সিং বোর্ডের বি-সার্টিফিকেটপ্রাপ্ত।	
৪	ড্রাইভার (ভারি) বেতনক্রম : ৯৭০০/- ২৩৪৯০/- গ্রেড : ১৫	৩	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারি যানবাহন চালনায় পারদর্শী।	
৫	সহকারী-কাম-স্টোরকিপার বেতনক্রম : ৯৩০০/- ২২৪৯০/- গ্রেড : ১৬	৪	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষায় উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা।	
৬	এল.ডি.এ-কাম-স্টোরকিপার বেতনক্রম : ৯৩০০/- ২২৪৯০/- গ্রেড : ১৬	২	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষায় উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা।	
৭	ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর বেতনক্রম : ৯৩০০/- ২২৪৯০/- গ্রেড : ১৬	১	(ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড সার্টিফিকেট; অথবা (খ) সংশ্লিষ্ট ট্রেডসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল); এবং (গ) ইলেকট্রিসিটি লাইসেন্সিং বোর্ডের বি-সার্টিফিকেটপ্রাপ্ত।	
৮	ড্রাইভার কাম মেকানিক্স বেতনক্রম : ৯৩০০/- ২২৪৯০/- গ্রেড : ১৬	২	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ড্রাইভার (ভারি) এর ক্ষেত্রে বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারি যানবাহন চালনায় পারদর্শী এবং ড্রাইভার (হালকা)-এর ক্ষেত্রে বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা যানবাহন চালনায় পারদর্শী।	
৯	ইলেকট্রিশিয়ান/প্রজেক্ট অপারেটর বেতনক্রম : ৯৩০০/- ২২৪৯০/- গ্রেড : ১৬	১	(ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৬ (ছয়) মাস মেয়াদি ট্রেড সার্টিফিকেট বা NTVQF (Level-২) উত্তীর্ণ; অথবা (খ) সংশ্লিষ্ট ট্রেডসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) সহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৬ (ছয়) মাসের বাস্তব অভিজ্ঞতা; এবং (গ) ইলেকট্রিসিটি লাইসেন্সিং বোর্ডের বি-সার্টিফিকেটপ্রাপ্ত।	
১০	কেয়ার টেকার বেতনক্রম : ৯৩০০/- ২২৪৯০/- গ্রেড : ১৬	৫৬	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা।	
১১	অফিস সহকারী কাম স্টোরকিপার বেতনক্রম : ৯৩০০/- ২২৪৯০/- গ্রেড : ১৬	৪২	ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষায় উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা।	
১২	অফিস সহায়ক/গার্ডেনার বেতনক্রম : ৮২৫০/- ২০০১০/- গ্রেড : ২০	৮	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	**রাজবাড়ী, চাঁদপুর, রাঙ্গামাটি, জয়পুরহাট, নীলফামারী, পঞ্চগড়, মাগুরা, পিরোজপুর, হবিগঞ্জ ব্যতীত অন্যান্য জেলা।** এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ জেলা কোটা বহির্ভূত।
১৩	অফিস সহায়ক বেতনক্রম : ৮২৫০/- ২০০১০/- গ্রেড : ২০	১১৭	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
	সর্বমোট =	৩০৯		

শর্ত ও নিয়মাবলী :

০১। **অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান পদ্ধতি :**

ক. আবেদন http://dtev.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি দাখিল করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ।
(i) Online-এ আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ৭ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ, সকাল ১০.০০ ঘটিকা।
(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২৭ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ, সন্ধ্যা ০৬:০০টা।
(iii) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ২৭ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ সন্ধ্যা ০৬:০০টার মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীরা উক্ত সময়ের পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এর মাধ্যমে বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
(iv) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে পর্যাপ্ত সময় নিয়ে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে প্রার্থীগণকে পরামর্শ প্রদান করা হচ্ছে।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী ০১টি User ID, ছবি এবং স্বাক্ষর যুক্ত ০১টি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Print অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং এই User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে দুটি SMS করে পরীক্ষার ফি নিয়োগ বিজ্ঞপ্তি'র ক্রমিক ০২ থেকে ১১ পর্যন্ত পদের জন্য ১০০/- টাকা + Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ সর্বমোট ১১২/- টাকা এবং ক্রমিক ১২ থেকে ১৩ পর্যন্ত পদের জন্য ৫০/- টাকা + Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকাসহ সর্বমোট ৫৬/- টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থায় গৃহীত হবে না।
প্রথম SMS: DTEV<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
দ্বিতীয় SMS: DTEV<Space>Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dtev.teletalk.com.bd এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।
i) User ID জানা থাকলে DTEV<Space>Help<Space>User<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DTEV Help User ABCDEF & Send to 16222
ii) PIN Number জানা থাকলে DTEV<Space>Help<Space>PIN<Space>PIN No. লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DTEV Help PIN 1234567 & Send to 16222

ঝ. "কারিগরি শিক্ষা অধিদপ্তরের কর্মচারী নিয়োগ পরীক্ষা, ২০২১" এর বিজ্ঞপ্তি, Online আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি www.techedu.gov.bd পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এ ছাড়াও alljobs.query@teletalk.com.bd এবং ছাড়াও vas.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: DTEV ,Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

২। **সকল পদে প্রার্থীর বয়স আগামী ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের** ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা নাতি-নাতনীদের বয়স ৩০ বৎসর হতে হবে। বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। প্রার্থী কোন সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। প্রার্থী নির্বাচনে প্রচলিত জেলা কোটা ও অন্যান্য কোটাসহ সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে।

৫। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা কম বেশী হতে পারে। যা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

৬। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও অন্যান্য সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৭। প্রাপ্ত আবেদন প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.techedu.gov.bd) এবং এসএমএস-এর মাধ্যমে মোবাইল নম্বরে জানিয়ে দেওয়া হবে। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেওয়া হবে না।

৮। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ের বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৩/১০/২০২১
(ড. মোহাঃ আব্দুস ছালাম)
যুগ্মসচিব
ও
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ডিজি-১৯৬২/২১ (২৫×৪)